

বাজেট অনুবিভাগ-২

বাজেট অনুবিভাগ-২

বাজেট অনুবিভাগ-২ কর্তৃক উন্নয়ন প্রকল্পের বাজেট বরাদ্দের অর্থনৈতিক বিশ্লেষণসহ বিস্তারিত উন্নয়ন বাজেট প্রস্তুত ও প্রকাশ এবং নতুন প্রকল্পের জন্য কোড প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করা হয়ে থাকে। তাছাড়া, ‘উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা’ শীর্ষক পুস্তিকা প্রণয়ন এবং ‘মঞ্জুরী ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন)’ বই প্রস্তুত ও প্রকাশ করা হয়ে থাকে। পাশাপাশি এ অনুবিভাগ উন্নয়ন প্রকল্প সূষ্ঠা বাস্তবায়নের জন্য অর্থ অবমুক্তি ও ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় নীতিমালা ও পদ্ধতি নির্ধারণ করে। পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের ব্যবহার, পুনর্ভরণ পরিবীক্ষণ, প্রকল্পসমূহের পদ রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত কাজ করে থাকে। ২০১৬-১৭ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলীঃ

- ▶ **উন্নয়ন বাজেট বই প্রণয়নঃ** ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত ও ২০১৭-১৮ অর্থবছরের বিস্তারিত বাজেট (উন্নয়ন) বই এবং ২০১৬-১৭ অর্থবছরের সম্পূর্ণ আর্থিক বিবৃতি প্রণয়ন করা হয়েছে। এছাড়া ৪০টি মন্ত্রণালয়/বিভাগের ‘জেন্ডার বাজেট’ পুস্তিকা প্রণয়ন, ‘জলবায়ু সুরক্ষা ও উন্নয়ন’ নামক ১টি পুস্তিকা প্রণয়ন, এবং ‘ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রা: হালচিহ্ন’ নামক ১টি পুস্তিকা প্রণয়ন করা হয়েছে।
- ▶ **এমটিবিএফ এর আওতায় বাজেট প্রণয়নঃ** আর্থিক ব্যবস্থাপনার মান উন্নয়ন এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অধিকতর ক্ষমতা প্রদানের উদ্দেশ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (এমটিবিএফ) আওতায় ২৬টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে।
- ▶ **মন্ত্রণালয়সমূহের বাজেট বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণঃ** অনুবিভাগের ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করা হয়েছে।
- ▶ **উন্নয়ন প্রকল্পের জনবল নির্ধারণঃ** উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩৬টি সভায় ২৭২টি নতুন প্রকল্পের জন্য প্রয়োজনীয় পদ/জনবলের সুপারিশ করা হয়েছে।
- ▶ **উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব খাতে স্থানান্তরঃ** জুলাই ১৯৯৭ সালের পূর্বে শুরু হওয়া সমাপ্ত প্রকল্পের পদ রাজস্ব খাতে স্থানান্তরের প্রস্তাব বিবেচনার জন্য গঠিত স্থায়ী কমিটির সভার সুপারিশের আলোকে ২টি মন্ত্রণালয়/বিভাগের ২টি প্রকল্পের ২০ টি পদ রাজস্ব খাতে স্থানান্তরে অর্থ বিভাগের সম্মতিপত্র জারি করা হয়েছে।
- ▶ **অনুন্নয়ন বাজেট থেকে কর্মসূচি গ্রহণঃ** ২০১৬-১৭ অর্থবছরে অনুবিভাগের বাজেট শাখাসমূহের আওতাধীন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে বাস্তবায়নের জন্য ১১টি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর মধ্যে কৃষি মন্ত্রণালয়ের ৪টি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ১টি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ৬টি কর্মসূচি রয়েছে।
- ▶ ২০১৬-১৭ অর্থবছরে বাজেটে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভিন্ন প্রকল্পের প্রকল্প সাহায্য (আরপিএ) খাতের বরাদ্দের বাজেট অথরাইজেশন জারি করা হয়েছে।
- ▶ ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের অর্থ ছাড় করা হয়েছে।
- ▶ ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের একনেক, ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপিতব্য বিষয়ে মতামত প্রদান করা হয়েছে।
- ▶ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন আইন/বিধির খসড়ার উপর মতামত প্রদান করা হয়েছে। তন্মধ্যে নিম্নোক্ত আইন/বিধিসমূহ উল্লেখযোগ্যঃ
 - (ক) জাতীয় বীজ আইন, ২০১৬
 - (খ) বীজ নীতি, ২০১৬
 - (গ) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন আইন, ২০১৬

- (ঘ) ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৬
- (ঙ) বাংলাদেশ সামুদ্রিক মৎস্য আইন, ২০১৬
- (চ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬
- (ছ) শ্রম আইন, ২০১৭
- (জ) বস্ত্র আইন, ২০১৬
- (ঝ) বেসামরিক বিমান চলাচল আইন-২০১৭
- (ঞ) পরিত্যক্ত সম্পত্তি (সম্পূরক বিধানবলী) আইন, ২০১৬
- (ট) সংশোধিত হাউজিং এ্যান্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৬
- (ঠ) গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬

- ▶ ২৬টি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন ১১০টি দপ্তর/অধিদপ্তর ও স্বায়ত্তশাসিত সংস্থার বিভিন্ন ঋণ চুক্তি, বাণিজ্য চুক্তি, নীতিমালা'র ওপর অর্থ বিভাগের মতামত প্রদান করা হয়েছে।
- ▶ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণের উপর অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্যক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা, সংবিধিবদ্ধ সংস্থা স্ব-অর্থায়নপুঁজি প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা এবং পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers) পুনঃনির্ধারণ করা হয়েছে।
- ▶ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন্ত অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ পরিচালনা ও ব্যয়ের হার পুনঃনির্ধারণ করা হয়েছে।
- ▶ ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন সমাপ্ত প্রকল্পের জনবল কর্তৃক দায়েরকৃত রীট মামলার বিষয়ে দফাওয়ারী জবাব ও আপীলের গ্রাউন্ডস প্রস্তুত করে অর্থ বিভাগের আইন কোষে প্রেরণ করা হয়েছে।
- ▶ বাজেট অনুবিভাগ-২ এর উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনে যাবতীয় আর্থিক ও প্রশাসনিক বিধি-বিধান অনুসরণ করা হচ্ছে। নিয়মিত মূল্যায়ন এবং তত্ত্বাবধানের মাধ্যমে সম্পাদিত কাজের গুণগতমান উন্নয়ন এবং গতিশীলতা আনয়নে প্রচেষ্টা অব্যাহত রয়েছে।